

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

রাজনৈতিক-৪ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত Digital Arms Management system (DAMS)-এর আপগ্রেডেশন, আধুনিকায়ন ও রক্ষণাবেক্ষণ পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী


সভাপতি	:	আবু হেনা মোস্তফা জামান অতিরিক্ত সচিব (রাজনৈতিক) জননিরাপত্তা বিভাগ
তারিখ ও সময়	:	১২ নভেম্বর ২০২৪, সকাল ১১.০০ টা
স্থান	:	অতিরিক্ত সচিব (রাজনৈতিক) এর অফিস কক্ষ
সভায় উপস্থিত কর্মকর্তাদের নাম ও পদবি	:	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত Digital Arms Management System (DAMS)-এর আপগ্রেডেশন, আধুনিকায়ন ও রক্ষণাবেক্ষণের বর্তমান অবস্থা তুলে ধরার জন্য উপসচিব, রাজনৈতিক-৪ শাখাকে অনুরোধ করা হয়। সভায় জানানো হয় যে, আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন এবং আগ্নেয়াস্ত্রের লাইসেন্সের যাবতীয় ব্যবস্থাপনা সম্পন্ন করার নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ কর্তৃক Digital Arms Management System (DAMS) সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। এ সিস্টেমের মাধ্যমে ব্যক্তি/প্রতিষ্ঠান পর্যায়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও তথ্য হালনাগাদকরণ সম্পর্কিত কার্যক্রম শতভাগ ডিজিটাল পদ্ধতিতে ব্যবস্থাপনা করা হবে। এটি একটি ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম যার সাথে আবেদনকারী, জেলা ম্যাজিস্ট্রেটসি, জেলা পুলিশ, থানা, ডিলার ও জননিরাপত্তা বিভাগ সরাসরি যুক্ত থাকবে। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সিস্টেমটি কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণ ও মনিটরিং করা হবে। এ সিস্টেমের মাধ্যমে এ পর্যন্ত অনুমোদিত এন্টিকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সের ডাটা ২৮৭২২টি। ইতোমধ্যে গত ০১/০২/২০২৪ তারিখ হতে এ সিস্টেমের মাধ্যমে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হচ্ছে।

০২। প্রস্তুতকৃত Digital Arms Management System (DAMS)-এর মাধ্যমে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন কার্যক্রম অনলাইনে চলমান রাখাসহ নতুন লাইসেন্সের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ, গোলা-বারুদ ব্যবস্থাপনা, ডিলার ব্যবস্থাপনা, সেফকিপিং ব্যবস্থাপনা ইত্যাদি ফিচারগুলো পূর্ণাঙ্গরূপে চালুকরণের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত সিস্টেম এনালিস্ট, জননিরাপত্তা বিভাগ Digital Arms Management System (DAMS)-এর আপগ্রেডেশন, আধুনিকায়ন, রক্ষণাবেক্ষণসহ নতুন লাইসেন্সের আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণ, গোলা-বারুদ ব্যবস্থাপনা, ডিলার ব্যবস্থাপনা, সেফকিপিং ব্যবস্থাপনা ইত্যাদি ফিচারগুলো পূর্ণাঙ্গরূপে চালুকরণের নিমিত্ত টেকনিক্যাল সহায়তা প্রয়োজন মর্মে মত প্রকাশ করেন। সভায় উপস্থিত সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা সভায় জানান যে, DAMS -এর Upgradation, Maintenance & Support Service কার্যক্রমের জন্য ইতঃপূর্বে ভেস্তর প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ গত ১৪/০৫/২০২৪ তারিখ শেষ হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে Digital Arms Management System (DAMS)-এর মাধ্যমে নিরবচ্ছিন্ন সেবা প্রদান এবং নাগরিকের তথ্যের সুরক্ষা নিশ্চিতের জন্য Upgradation, Maintenance & Support Service কার্যক্রম চলমান রাখার বিষয়ে একমত পোষণ করা হয়।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নং)

- (১) অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (২) যুগ্মসচিব (রাজনৈতিক-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (৩) সিনিয়র সহকারী সচিব (বাজেট-১), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (৪) সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (৬) প্রোগ্রামার, আইসিটি, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।


ইসরাত জাহান
উপসচিব

ফোন: ০২-৫৫১০০৯৭৭
dspol4mha@gmail.com

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- (১) সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (২) অতিরিক্ত সচিব (রাজনৈতিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।